গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১৭৪.২১.২২৪৪

তারিখ: ৩০/১১/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকার ১৫.৫৩.০০০০.০১৪.৩৪.১৯৩.২০. ৫৬৭ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ বেতারের সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক প্রেরণ করা হয়েছিল। উল্লেখ্য যে, উক্ত প্রণয়নকৃত সিটিজেন চার্টার কলাম-৭ এ বর্ণিত দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন কর্মকর্তা পদোন্নতি/বদলিজনিত কারনে বাংলাদেশ বেতারের হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন করা হয়েছে।

প্রেক্ষিতে বাংলাদেশ বেতারের হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১১ (এগার) পাতা।

আহম্মদ কামরুজ্জামান
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
☎: ৪৪৮১৩০৬২

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১৭৪.২১.

তারিখ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ সেবাবক্স বিষয়ক নির্দেশনা বাস্তবায়নকল্পে)।

৩০/১১/২১

মোঃ আল আমিন খান
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
www.betar.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

## ১) ভিশন (Vision) ও মিশন (Mission)

**রূপকল্প (Vision)** : সরকারের নীতি, কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে শ্রোতাদের অবহিত করা ও জাতীয় উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করতে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে তাঁদের উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত করা।

**অভিলক্ষ্য (Mission)**: শ্রোতাদের বস্তুনিষ্ঠ তথ্য প্রদানের মাধ্যমে জীবনমান উন্নীতকরণের জন্য শিক্ষা দান এবং নিজস্ব ঐতিহ্যের ধারাবাহিকতায় সাংস্কৃতিক চর্চার মাধ্যমে বিনোদন দেয়া।

## ২) প্রতিশ্রুত সেবাসমূহ:

### ২.১.নাগরিক সেবা:

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণ | প্রতিবছর নির্ধারিত সময়ে প্রচারিত বিজ্ঞাপনের আলোকে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হয়। কাগজপত্র যাচাই-বাছাই এবং বিজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত মূল্য ব্যাংক পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্ত করা হয়। | আবেদনকারী প্রতিষ্ঠানের ১) হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ৩) ইনকাম ট্যাক্স সার্টিফিকেট, এবং ৪) সম্পাদিত কাজ ও সরবরাহের অভিজ্ঞতার সনদসহ মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর সাদা কাগজে আবেদন। | বিজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত মূল্য | ৩০ (ত্রিশ) কার্যদিবস | জনাব মোঃ শহীদুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>কারিগরী কার্য, বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০১৩<br>ইমেইল: acetech@betar.gov.bd |
| ২. | সম্পাদিত কাজ/মালামাল সরবরাহ সংক্রান্ত অভিজ্ঞতার সনদ প্রদান | কাজ সম্পাদন/মালামাল সরবরাহের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত উল্লেখপূর্বক আবেদন করা হলে উক্ত কাজ সম্পাদন/মালামাল সরবরাহ সংক্রান্ত একটি সনদ প্রদান করা হয়, যা পরবর্তীতে সংশ্লিষ্ট কাজ/মালামাল সরবরাহের জন্য অন্য কোন টেন্ডারে অংশগ্রহণের সময় অভিজ্ঞতা হিসেবে উপস্থাপনযোগ্য। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কার্যাদেশ/ মালামাল সরবরাহ আদেশ/ চুক্তিপত্রের কপিসহ মহাপরিচালক বরাবর সাদা কাগজে আবেদন। | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কার্যদিবস | জনাব মোঃ মাহবুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০২৮<br>ইমেইল:semain@betar.gov.bd |
| ৩. | রক্তদানের বিজ্ঞপ্তি প্রচার | মুমূর্ষু রোগীর রক্ত সঞ্চালনের জন্য চিকিৎসা প্রতিষ্ঠান/ হাসপাতাল/ বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত চাহিদাপত্রের কপিসহ রোগীর পক্ষে তার প্রতিনিধি সাদা কাগজে মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর আবেদন করলে বাংলাদেশ বেতার এর সংশ্লিষ্ট কেন্দ্র থেকে বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়। | রক্ত সঞ্চালনের জন্য চিকিৎসা প্রতিষ্ঠান/হাসপাতাল/বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত চাহিদাপত্রের কপিসহ মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর সাদা কাগজে আবেদন। | বিনামূল্যে | ০১ (এক) কার্যদিবস | জনাব সায়েদ মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন নং: +৮৮-০২-৪৪৮১৩০৭৪<br>ই-মেইল:<br>dp.program.betar@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪. | হারানো বিজ্ঞপ্তি প্রচার | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর হারানো ব্যক্তি সম্পর্কে নিকটস্থ থানায় করা সাধারণ ডায়েরীর কপিসহ আবেদন করলে বাংলাদেশ বেতারের সংশ্লিষ্ট কেন্দ্র থেকে নিখোঁজ ব্যক্তি সম্পর্কে হারানো বিজ্ঞপ্তি প্রচার এর ব্যবস্থা গ্রহণ করা হয়। | সাধারণ ডায়েরীর কপিসহ মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর সাদা কাগজে আবেদন। | বিনামূল্যে | ০২ (দুই) কার্যদিবস | জনাব সায়েদ মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, বাংলাদেশ বেতার<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন নং: ০২-৪৪৮১৩০৭৪<br>ই-মেইল:<br>dp.program.betar@gmail.com |
| ৫. | "বেতার বাংলা" এর গ্রাহক/এজেন্ট সেবা | বাংলাদেশ বেতারের বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম, বিশিষ্ট ব্যক্তিদের লেখা, সকল কেন্দ্র ও ইউনিটের অনুষ্ঠানসূচী ও আলোক চিত্র নিয়ে প্রকাশিত দ্বি-মাসিক পত্রিকা "বেতার বাংলা"র গ্রাহক/এজেন্ট হওয়ার জন্য আবেদন করতে হয়। নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে আবেদনকারী গ্রাহক/এজেন্ট এর কাছে "বেতার বাংলা" ডাকযোগে প্রেরণ করা হয়। | ১। সম্পাদক, বেতার বাংলা, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার বরাবর সাদা কাগজে আবেদন, ২। এজেন্ট হতে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) কপি বেতার বাংলা গ্রহণ করতে হবে।<br>**প্রাপ্তি স্থান:**<br>বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭। | প্রতি সংখ্যার মূল্য ২০ (বিশ) টাকা, ডাকমাশুল সহ বার্ষিক চাঁদা ১৮০ (একশত আশি) টাকা। | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মর্জিনা বেগম<br>আঞ্চলিক পরিচালক<br>বেতার প্রকাশনা দপ্তর<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৩৯<br>ইমেইল:<br>betarbanglabd@gmail.com |

২.২. প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | এফএম প্রেরণযন্ত্রের প্রচার সময় লীজ | বিদেশী প্রতিষ্ঠানের চাহিদার আলোকে আবেদনের প্রেক্ষিতে তথ্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ বেতারের নিজস্ব এফএম প্রেরণযন্ত্রের প্রচার সময় লীজ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর আবেদনপত্র। | স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী | ৩০ (ত্রিশ) কার্যদিবস | জনাব মোঃ তৌহিদুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৮৯<br>ইমেইল:rrc@betar.gov.bd |
| ২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | বিভিন্ন কেন্দ্র/ইউনিট/দপ্তর এর চাহিদা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা মহাপরিচালক, বাংলাদেশ বেতার এর অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | নির্ধারিত ফরমে বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট /দপ্তর থেকে মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর পত্র। | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | জনাব মোঃ মাহবুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০২৮<br>ইমেইল:semain@betar.gov.bd |
| ৩. | বাংলাদেশ বেতারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) এর প্রস্তাব প্রেরণ | পরিকল্পনা কমিশন এর চাহিদা মোতাবেক বাংলাদেশ বেতারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রস্তুত করে তথ্য মন্ত্রণালয় এর মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। | পরিকল্পনা কমিশন এর চাহিদাপত্র | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কার্যদিবস | জনাব মোহাম্মদ আবদুর রহমান<br>আঞ্চলিক প্রকৌশলী<br>পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৩৪<br>ইমেইল: seplan@betar.gov.bd |
| ৪. | বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের জনস্বার্থ সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি প্রচার | পাবলিক সার্ভিস কমিশন থেকে প্রাপ্ত নিয়োগ বিজ্ঞপ্তি, আইএসপিআর এর বিভিন্ন প্রকার জনগুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, শিক্ষা ও কারিগরী প্রতিষ্ঠানসমূহের জনগুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, যানবাহনের সময়সূচী, শহরের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহের সময় ও স্থান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে প্রচারের ব্যবস্থা নেয়া হয়। | প্রচারিতব্য বিজ্ঞপ্তিসহ উপযুক্ত কর্তৃপক্ষের দাপ্তরিক পত্র | বিনামূল্যে | ০২ (দুই) কার্যদিবস | জনাব সায়েদ মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন নং: +৮৮-০২-৪৪৮১৩০৭৪<br>ই-মেইল:<br>dp.program.betar@gmail.com<br>জনাব মুহাম্মদ শরীফুল কাদের<br>পরিচালক (বার্তা)<br>কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩২৬২<br>+৮৮-০২-৪৪৮১৩২৮০(পিএ)<br>ই-মেইল: cnobetar@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৫. | কমিউনিটি রেডিও সংক্রান্ত প্রতিবেদন ও মতামত প্রদান | তথ্য মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা ২০১৭ অনুযায়ী সারাদেশে বিভিন্ন কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা সংক্রান্ত মতামত প্রদান, কমিউনিটি রেডিওর সার্বিক কাজ তদারক করে প্রতিবেদন প্রেরণ এবং কমিউনিটি রেডিওসমূহের লাইসেন্স নবায়নের জন্য বাংলাদেশ বেতার মতামত প্রদান করে থাকে। | তথ্য মন্ত্রণালয়ের দাপ্তরিক পত্র | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব সালাহউদ্দিন আহমেদ<br>অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন নং: +৮৮-০২-৪৪৮১৩০৬৭<br>ই-মেইল:<br>salahuddinadg@gmail.com<br><br>জনাব মোঃ তৌহিদুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৮৯<br>ইমেইল:rrc@betar.gov.bd |
| ৬. | বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্তকরণ | অনুমোদিত বিজ্ঞাপন প্রচার নীতিমালা অনুযায়ী বাংলাদেশ বেতারের বাণিজ্যিক কার্যক্রমের মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানকে বিজ্ঞাপনী সংস্থা হিসেবে তালিকাভুক্ত করা হয়। | ১) বিজ্ঞাপনী সংস্থার হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) TIN সনদ, ৩) VAT রেজিস্ট্রেশন সনদ, ৪) ব্যাংক সার্টিফিকেট এবং ৫) অফিস ভাড়ার দলিলসহ পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম বরাবর সাদা কাগজে আবেদন পত্র জমা দিতে হয়। | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কার্যদিবস | জনাব মোঃ গোলাম রব্বানী<br>বিজনেস ম্যানেজার, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩১১৮(দপ্তর)<br>মোবাইল: +৮৮-০১৫৫২৪১১১৫৩<br>ফ্যাক্স: +৮৮-০২-৪৪৮১৩১২২<br>ই-মেইল:betarbusiness@gmail.com |
| ৭. | আবহাওয়া সংক্রান্ত বুলেটিন প্রচার | প্রাকৃতিক দুর্যোগকালীন আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত আবহাওয়া বিজ্ঞপ্তি অনুযায়ী ১ নং বিপদ সংকেত এ সাধারণ আবহাওয়া বার্তা দিনে ৫ বার, ২ ও ৩ নং বিপদ সংকেতে আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ৩ নং নৌ বিপদ সংকেতের ক্ষেত্রে আধা ঘন্টা পর পর এবং মহাবিপদ সংকেতের ক্ষেত্রে ১৫ মিনিট পর পর এবং আঘাত হানলে ৫ মিনিট পর পর আবহাওয়ার বিশেষ বুলেটিন প্রচার করা হয়। | আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত আবহাওয়া বিজ্ঞপ্তি। | বিনামূল্যে | তাৎক্ষণিক | জনাব সায়েদ মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন নং:+৮৮- ০২-৪৪৮১৩০৭৪<br>ই-মেইল:<br>dp.program.betar@gmail.com<br><br>জনাব মুহাম্মদ শরীফুল কাদের<br>পরিচালক (বার্তা)<br>কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩২৬২<br>+৮৮-০২-৪৪৮১৩২৮০(পিএ)<br>ই-মেইল: cnobetar@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮. | রাষ্ট্রীয় ও জাতীয় গুরুত্বপূর্ণ, দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান এবং মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার ভিত্তিক অনুষ্ঠান সরবরাহ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণসমূহ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণসমূহ, মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার, দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি বিষয়ক বিভিন্ন অডিও ডকুমেন্টস সংগ্রহ ও সংরক্ষণ করে চাহিদা মোতাবেক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্রে এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর সাদা কাগজে/প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হয়। | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মু: আনোয়ার হোসেন মৃধা পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। ফোন: +৮৮-০২-৪৪৮১৩১৩৩ (পিএ) +৮৮-০২-৪৪৮১৩১৩৪ ই-মেইল: betartrans@gmail.com |
| ৯. | জাতীয় সংগীত সরবরাহ | চাহিদা মোতাবেক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্রে এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানে জাতীয় সংগীত সরবরাহ করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর সাদা কাগজে/প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হয়। | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মু: আনোয়ার হোসেন মৃধা পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। ফোন: +৮৮-০২-৪৪৮১৩১৩৩ (পিএ) +৮৮-০২-৪৪৮১৩১৩৪ ই-মেইল: betartrans@gmail.com |
| ১০. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণসমূহের শ্রুতিলিখন | প্রধানমন্ত্রীর কার্যালয় ও বিভিন্ন সরকারী দপ্তর এর চাহিদা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণসমূহের শ্রুতিলিখন করে সরবরাহ করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ১০ (দশ) কর্মদিবস | জনাব শফিকুল আলম পরিচালক মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৪৬ (দপ্তর) ই-মেইল: dmrbbd@gmail.com |
| ১১. | গীতিকার তালিকাভুক্তকরণের অনুমোদন | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্রের তালিকাভুক্ত গীতিকার এর চুড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। | তালিকাভূক্ত গীতিকারদের সকল তথ্যসহ মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ২০ (বিশ) কার্যদিবস | জনাব মোঃ আরিফুল ইসলাম পরিচালক, সংগীত বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। ফোন: +৮৮-০২-৪৪৮১৩১০৬ ই-মেইল: arif_btvnews@yahoo.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১২. | তালিকাভুক্ত সংগীত শিল্পী/ নাট্যশিল্পী/ উপস্থাপক/ সংবাদ পাঠক/আবৃত্তি শিল্পী/ গীতিকার/ নাট্যকার/ অতিথি প্রযোজক (সংগীত/ নাটক)/ধারা ভাষ্যকার এর শ্রেণি উন্নয়ন অনুমোদন | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্রে তালিকাভুক্ত সংগীত শিল্পী/নাট্যশিল্পী/ উপস্থাপক /সংবাদ পাঠক/ আবৃত্তি শিল্পী/গীতিকার/ নাট্যকার/ অতিথি প্রযোজক (সংগীত/ নাটক)/ধারা ভাষ্যকার এর শ্রেণি উন্নয়ন এর চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। | তালিকাভুক্ত শ্রেণি উন্নয়নযোগ্য শিল্পীদের সকল তথ্যসহ মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ২০ (বিশ)কার্যদিবস | জনাব মোঃ আরিফুল ইসলাম<br>পরিচালক, সংগীত<br>বাংলাদেশ বেতার<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩১০৬<br>ই-মেইল:<br>arif_btvnews@yahoo.com<br><br>জনাব মুহাম্মদ শরীফুল কাদের<br>পরিচালক (বার্তা)<br>কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩২৬২<br>+৮৮-০২-৪৪৮১৩২৮০(পিএ)<br>ই-মেইল: cnobetar@gmail.com |
| ১৩. | বেতার সম্প্রচারের প্রকৌশল বিষয়াদি সম্পর্কে তথ্য প্রদান | কোন ব্যক্তি, সংস্থা বা উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদার আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে বেতার সম্প্রচারের প্রকৌশল বিষয়াদি সংক্রান্ত তথ্য প্রদান করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ০২ (দুই) কার্যদিবস | জনাব মোঃ আক্তার হোসেন মজুমদার<br>প্রধান প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৫৬<br>ইমেইল: ce@betar.gov.bd |
| ১৪. | বাংলাদেশ বেতার পরিদর্শন | বাংলাদেশ বেতারের অনুষ্ঠান নির্মাণ, সম্প্রচার এবং প্রকৌশল বিষয়াদি সম্পর্কে ব্যবহারিক জ্ঞান আহরণের জন্য বিভিন্ন সরকারী-বেসরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, সামরিক বাহিনীসহ অন্যান্য প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বেতার পরিদর্শনের অনুমতি প্রদান করা হয়। | প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ১৫ (পনের) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ১৫. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠানসহ বিভিন্ন রাষ্ট্রীয় জনগুরুত্বপূর্ণ অনুষ্ঠান, জাতীয় সংসদ অধিবেশন এবং গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক খেলা সরাসরি সম্প্রচার | তথ্য মন্ত্রণালয়ের নির্দেশক্রমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠানসহ বিভিন্ন রাষ্ট্রীয় জনগুরুত্বপূর্ণ অনুষ্ঠান, জাতীয় সংসদ অধিবেশন এবং গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক খেলা বাংলাদেশ বেতার এ সরাসরি সম্প্রচার করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর প্রেরিত দাপ্তরিক পত্র। | বিনামূল্যে | ০২ (দুই) কার্যদিবস | জনাব সায়েদ মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন নং:+৮৮- ০২-৪৪৮১৩০৭৪<br>ই-মেইল:<br>dp.program.betar@gmail.com |

২.৩. অভ্যন্তরীণ সেবা:

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | অর্জিত ছুটি মঞ্জুর (৩ মাস পর্যন্ত) | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদন সাপেক্ষে অফিস আদেশ জারি করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর-২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ণপত্র (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে);<br>**প্রাপ্তি স্থান:** প্রশাসন শাখা, প্রধান কার্যালয় ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ২. | অর্জিত ছুটি (বহি: বাংলাদেশ) মঞ্জুর ও প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অফিস আদেশ জারি এবং প্রযোজ্য ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর-২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে); এবং<br>৩) হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র (নন গেজেটেড কর্মচরীদের ক্ষেত্রে)<br>**প্রাপ্তি স্থান:** (১) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, (২) প্রশাসন শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট। | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ৩. | শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর ও প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অফিস আদেশ জারি এবং প্রযোজ্য ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর-২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে)<br>৩) হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল বেতনের প্রত্যয়নপত্র<br>৪) পূর্বের মঞ্জুরীকৃত শ্রান্তি-বিনোদন ছুটির অনুলিপি।<br>**প্রাপ্তি স্থান:** (২) প্রশাসন শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪. | মাতৃত্বকালীন ছুটি | চিকিৎসা সনদসহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মঞ্জুরি প্রদান করে অফিস আদেশ জারি এবং ও প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ে মঞ্জুরি প্রদানের জন্য অগ্রায়ণ করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র, ২) চিকিৎসা সনদ, ৩) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর-২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ণপত্র (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে)<br>**প্রাপ্তি স্থান:** ১) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ২) প্রশাসন শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ৫. | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি প্রদান | মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে (আর্থিক ও প্রশাসনিক) ক্ষমতা অনুযায়ী অফিস আদেশ জারি করা হয়। | ১) নির্ধারিত ফরমে আবেদন (বাংলাদেশ ফরম নম্বর ২৬৩৯), গেজেটেড/নন-গেজেটেড); ২) সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থের হিসাব বিবরণী (প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)<br>**প্রাপ্তি স্থান:** প্রশাসন শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ৬. | গৃহ নির্মাণ/মেরামত অগ্রিম | জেনারেল ফাইনান্সিয়াল রুলস ও বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক গৃহ নির্মাণ/মেরামত অগ্রিম এর জন্য আবেদন প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম মঞ্জুর করে অফিস আদেশ জারি করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) যে জমিতে গৃহ নির্মাণ করা হবে সে জমির দলিল/বায়নাপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৩) ১৫০ টকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা<br>৪) যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ৭. | মোটরসাইকেল ক্রয় অগ্রিম | জেনারেল ফাইনান্সিয়াল রুলস ও বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক মোটরযান ক্রয় অগ্রিম এর জন্য আবেদন প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম মঞ্জুর করে অফিস আদেশ জারি করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) মোটরযান বিক্রয়কারীর সাথে কৃত চুক্তিপত্র<br>৩) ১৫০ টকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা<br>৪) যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮. | কম্পিউটার ক্রয় অগ্রিম | জেনারেল ফাইনান্সিয়াল রুলস ও বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক কম্পিউটার ক্রয় অগ্রিম এর জন্য আবেদন প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম মঞ্জুর করে অফিস আদেশ জারি করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) কম্পিউটার বিক্রয়কারীর সাথে কৃত চুক্তিপত্র<br>৩) ১৫০ টকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা<br>৪) যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি,<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ৯. | কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্য প্রস্তাব নিষ্পত্তি ও সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ | বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্য প্রস্তাব নিষ্পত্তি ও সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। | নির্ধারিত ফরমে আবেদনসহ আবেদনকারীর লিখিত আবেদনপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র।<br>**প্রাপ্তি স্থান:** প্রশাসন শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট। | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ১০. | বাংলাদেশ বেতারের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে সরকারি বাসা বরাদ্দের মঞ্জুরি প্রদান ও মন্ত্রণালয়ে অগ্রায়ণ | সরকারি বাসা বরাদ্দ নীতিমালা ১৯৮২ অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেতারের নিজস্ব সরকারী বাসাসমূহের বরাদ্দের মঞ্জুরি প্রদান করা হয় এবং বাংলাদেশ বেতারের কোটাভুক্ত সরকারী বাসাসমূহ বরাদ্দের জন্য তথ্য মন্ত্রণালয়ে আবেদন অগ্রায়ণ করা হয়। | ১) সরকারি বাসা বরাদ্দ নীতিমালা ১৯৮২ অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন এবং<br>২) মূল বেতনের প্রত্যয়নপত্র<br><br>**প্রাপ্তি স্থান:** প্রশাসন ও হিসাব শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট। | বিনামূল্যে | ১৫ (পনের) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ১১. | বাংলাদেশ বেতারের কর্মকর্তাদের আবাসিক ও দাপ্তরিক টেলিফোন সংযোগ | আবেদন পাওয়ার পর দাপ্তরিক টেলিফোন নীতিমালা-২০০৪ এবং সরকারী টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ অনুযায়ী অনুমোদন গ্রহণ করে তা সংশ্লিষ্টদের অবহিতকরণ। | সরকারী টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ অনুযায়ী নির্ধারিত ছকে আবেদন।<br><br>**প্রাপ্তি স্থান:**<br>সরকারী টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮। | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |
| ১২. | কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণ এর মঞ্জুরি প্রদান ও প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ | বিধিমালা অনুযায়ী আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণ এর মঞ্জুরি প্রদান করে অফিস আদেশ জারি এবং কর্মকর্তাদের চাকুরী স্থায়ীকরণ এর জন্য তথ্য মন্ত্রণালয়ে অগ্রায়ণ করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র সহ নির্ধারিত ফরম/ ছকে আবেদন।<br>২) চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত শর্তাবলী পূরণের প্রামাণক<br>**প্রাপ্তি স্থান:** প্রশাসন শাখা, সদর দপ্তর ও সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট। | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, ৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১৩. | কর্মকর্তা/কর্মচারীদের পিআরএল ও পেনশন এর মঞ্জুরি প্রদান ও প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ | আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পেনশন সহজীকরণ নীতিমালা অনুযায়ী পিআরএল ও পেনশন এর মঞ্জুরি প্রদান করে অফিস আদেশ জারি এবং ও প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ে মঞ্জুরি প্রদানের জন্য অগ্রায়ণ করা হয়। | ১) সাদা কাগজে আবেদনপত্র, ২) অবসর আদেশ (পেনশন এর মঞ্জুরি প্রদান এর ক্ষেত্রে), ৩) পেনশন পেপার (পেনশন এর মঞ্জুরি প্রদান এর ক্ষেত্রে), ৪) এলপিসি, ৫) সার্ভিস স্টেটমেন্ট, ৬) সার্ভিস বই এর ছায়ালিপি, ৭) আবাসন পরিদপ্তরের না-দাবী পত্র(সরকারী বাসায় থাকলে), ৮) গৃহ নির্মাণ ও কম্পিউটার অগ্রিমের বিমোচন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ৯) দাপ্তরিক না-দাবী পত্র, ১০) যানবাহন ব্যবহারের না-দাবী পত্র (যদি থাকে) | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কার্যদিবস | জনাব মোঃ আল আমিন খান<br>অতি. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার,<br>৩১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি<br>শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।<br>ফোন: +৮৮-০২-৪৪৮১৩০৭৩<br>ই-মেইল: ada@betar.gov.bd |

**৪) আপনার (সেবা গ্রহীতার) কাছে আমাদের (সেবা প্রদানকারীর) প্রত্যাশা:**

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১ | স্বয়ংসম্পূর্ণ আবেদন এবং আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় সকল কাগজ-পত্র জমা দেয়া |
| ২ | যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত ফিস পরিশোধ করা |
| ৩ | প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল মেসেজ/ইমেইলের নির্দশনা অনুসরণ করা |
| ৪ | সাক্ষাতের জন্য ধার্য তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত থাকা |
| ৫ | অনাবশ্যক ফোন/তদবির না করা |

বি.দ্র. যে সকল কারণে সাধারণত কোন আবেদনপত্র বাতিল হয় কিংবা সেবা প্রদান সম্ভব না হয় সেসব কারণসমূহ বিশ্লেষণপূর্বক যথাযথভাবে ফরম/ছক পূরণ করতে হবে। এক্ষেত্রে কিছু কিছু বিষয় সকল প্রতিষ্ঠানের জন্য একই রকম হতে পারে এবং কিছু বিষয় আলাদা হতে পারে।

৫) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা:

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংগে যোগাযোগ করতে হবে। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে সমস্যা অবহিত করতে হবে।

| ক্রমিক নম্বর | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।<br>ফোন : +৮৮-০২-৪৪৮১৩০৭১ (দপ্তর)<br>ই-মেইল: nasz777@gmail.com | ০৩ (তিন) মাস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | যুগ্ম সচিব (বেতার)<br>তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ফোন নম্বর: +৮৮-০২-৯৫৪০৫৬০ | ০১ (এক) মাস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫ নম্বর গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ওয়েবসাইট: www.grs.gov.bd | ০৩ (তিন) মাস |

২৮/১২.২১
মো. রেজাউল করিম রিগ্যান
সহকারী বার্তা নিয়ন্ত্রক
বাংলাদেশ বেতার
সদর দপ্তর, ঢাকা-১২০৭

২৮/১২/২১

২৮/১২/২০২১
রোকসানা রহমান
বিসিএস (তথ্য)
উপপরিচালক
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

২৮/১২/২১
মুহাম্মদ মাসুদুর রহমান
উপ-বার্তা নিয়ন্ত্রক
বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

২৮/১২/২১